

**বিশ্ববিদ্যালয় শিক্ষকদের
অবসরের বয়সসীমা
৬৫ করে বিল পাস**

যাছাদি রিপোর্ট

দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসরের বয়সসীমা ৬৫ বছর করতে 'পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক' (অবসর গ্রহণ) (বিশেষ বিধান) বিল-২০১২ সংসদে পাস হয়েছে।

রোববার শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বিলটি পাসের প্রস্তাব করলে তা কঠোরভাবে পাস হয়। এর আগে বিলের ওপর দেয়া বাছাই কমিটিতে পাঠানো জনমত যাচাই ও সংশোধনীগুলো নাকচ হয়।

গত ২৫ জুন বিলটি সংসদে উপস্থাপন করেন শিক্ষামন্ত্রী। পরে এটি পরীক্ষা করে রিপোর্ট দেয়ার জন্য শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটিতে বিল : পৃষ্ঠা ১৫ কলাম

বিল : বিশ্ববিদ্যালয়
(শেষ পৃষ্ঠার পর)

পাঠানো হয়। দেশের ৩৩টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের আইনের সংশ্লিষ্ট ধারা সংশোধন করার জন্য এ বিলটি উপস্থাপন করা হয়েছে।

বিলের ৩ ধারায় বলা হয়েছে- কোনো আইন, অধ্যাদেশ, রট্টপত্রির আদেশ, বিশ্ববিদ্যালয়ের সংবিধি, বিধি, প্রবিধি, উপ-আইন অথবা আইনের ক্ষমতাসম্পন্ন কোনো দলিলে যাই থাকুক না কেন, পাবলিক বিশ্ববিদ্যালয়ের একজন শিক্ষক ৬৫ বছর বয়স পূর্তিতে চাকরি থেকে অবসর গ্রহণ করবেন।

বিলের উদ্দেশ্য ও কারণ সম্পর্কে মন্ত্রী বলেন, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী ও জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে বর্তমানে শিক্ষকদের অবসরের বয়সসীমা ৬৫ বছর। বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অবসরের বয়সসীমা ৬০ বছর। দেশের সব পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসর গ্রহণের বয়সসীমা ৬৫ বছর করার প্রস্তাব যুক্তিযুক্ত।

মন্ত্রী জানান, গত ১৮ মে পাবলিক বিশ্ববিদ্যালয়ের উপাচার্যরা বসে বসে রট্টপত্রির সঙ্গে বৈঠক করেন। এ সময় উপাচার্যরা দেশের পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসরের বয়সসীমা ৬৫ বছর করার প্রস্তাব করলে রট্টপত্রি তাতে একমত পোষণ করেন।

শিক্ষামন্ত্রী বলেন, এ বিলের উদ্দেশ্য পূরণের লক্ষ্যে ৩৩টি পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের অবসর গ্রহণের বয়সসীমা ৬৫ বছর করার লক্ষ্যে 'পাবলিক বিশ্ববিদ্যালয় শিক্ষক (অবসর গ্রহণ) (বিশেষ বিধান) বিল-২০১২' ৩৩টি বিশ্ববিদ্যালয় আইনের সংশ্লিষ্ট ধারা সংশোধনী আনার জন্য এ বিল উপস্থাপন করা হলো।